

ফ্রান্স  
৪৫

## ফল বিপর্যয় কাটিয়ে উঠেছে যশোর বোর্ড

যশোর ব্যুরো

যশোর শিক্ষা বোর্ড এসএসসি পরীক্ষার ফল বিপর্যয় কাটিয়ে উঠেছে। চলতি বছর এ শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষার ১ লাখ ১৬ হাজার ৮১২ জন ছাত্রছাত্রীর মধ্যে ৭১ হাজার ১০০ জন উত্তীর্ণ হয়েছে। উত্তীর্ণদের মধ্যে ৩৯ হাজার ৫১৫ জন ছাত্র। এর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ২ হাজার ৩২৯ জন। এ বছর পাসের হার ৬০.৮৭ ভাগ। গত বছর এ হার ছিল মাত্র ৪৮.১০ ভাগ।

চলতি বছর বিজ্ঞান বিভাগ থেকে ১৬ হাজার ২৮০ জন ছাত্রছাত্রী এসএসসি পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে উত্তীর্ণ হয়েছে ১০ হাজার ৫৮২ জন। উত্তীর্ণদের মধ্যে ৯ হাজার ১৬৫ জন ছাত্র ও ৪ হাজার ৪১৭ জন ছাত্রী রয়েছে। এ বিভাগে মোট পাসের হার ৮৩.৪৩ ভাগ। জিপিএ-৫ পেয়েছে ১ হাজার ৯৫৪ জন। এর মধ্যে ছাত্রী ৬৪৭ জন।

মানবিক বিভাগে মোট ৬৯ হাজার ৭০৭ জন পরীক্ষার্থীর মধ্যে উত্তীর্ণ হয়েছে ৩৬ হাজার

৩২৭ জন। পাসের হার ৫২.১১ ভাগ। উত্তীর্ণদের মধ্যে ১৬ হাজার ৩০৫ জন ছাত্র ও ১৯ হাজার ৯৯২ জন ছাত্রী রয়েছে। এর মধ্যে ২০ জন ছাত্র ও ৫২ জন ছাত্রী জিপিএ-৫ পেয়েছে। বাণিজ্য বিভাগে পরীক্ষার অংশ নেয় ৩০ হাজার ৮২৫ জন ছাত্রছাত্রী। উত্তীর্ণ হয়েছে ২১ হাজার ১৯১ জন। পাসের হার ৬৮.৭৫ ভাগ। উত্তীর্ণ পরীক্ষার্থীদের মধ্যে ১৪ হাজার ১০ জন ছাত্র ও ৭ হাজার ১৭৬ জন ছাত্রী রয়েছে। এর মধ্যে ১৬০ জন ছাত্র ও ১৪০ জন ছাত্রী জিপিএ-৫ পেয়েছে। যশোর বোর্ডে এবার ২ হাজার ৩২৯ জন জিপিএ-৫ প্রাপ্ত ছাত্র ও ১১ হাজার ১২০ জন জিপিএ-৪ টি < ৫, ১০ হাজার ৭১৪ জন জিপিএ-৩.৫ টি < ৪, ১০ হাজার ৯৪৫ জন জিপিএ-৩ টি < ৩.৫, ২৮ হাজার ২৩৩ জন জিপিএ-২ টি < ৩ এবং ২ হাজার ৭৫৬ জন পরীক্ষার্থী জিপিএ-১ টি < ২ পেয়ে উত্তীর্ণ হয়েছে।

মঙ্গলবার যশোর প্রেস ক্লাবে ফল ঘোষণার সময়ে যশোর শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর আশীরাউল আলম খান এবার এ বোর্ডের ফলাফল খারাপ নয় বলে মন্তব্য করেন। তবে গত বছরের চেয়ে এবারের ফল সন্তোষজনক বলে তিনি মনে করছেন। তিনি বলেন, ছাত্রছাত্রীদের লেখাপড়ার প্রতি মনোযোগ সৃষ্টি, নকলমুক্ত পরিবেশে পরীক্ষা ও প্রশংসিত সন্তোষজনক হওয়ায় যশোর বোর্ডে পাসের হার বেড়েছে। ফল ঘোষণা অনুষ্ঠানে যশোর শিক্ষা বোর্ডের সচিব প্রফেসর নূরুল ইসলাম সরকারসহ অন্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।